

148469 - পিতা তার মেয়ের মোবাইল বিল পরিশোধ করে না বিধায় সে তার পিতার অগোচরে তার অর্থ গ্রহণ করত; এখন কি সে ঐ অর্থ ফেরত দিবে?

প্রশ্ন

আমি আমার বাবার অগোচরে তার অর্থ গ্রহণ করতাম। সেটি দশ রিয়াল বা ত্রিশ রিয়ালের মত যৎসামান্য ছিল এবং ভিন্ন ভিন্ন সময়ে। আমি এখন ঠিক জানি না এর পরিমাণ কত হবে। আমার পিতা আমার মোবাইলের বিল পরিশোধ করত না; আমিই পরিশোধ করতাম। এখন কি আমার উপর উক্ত অর্থ তাকে ফেরত দেয়া আবশ্যিকীয়; নাকি আবশ্যিকীয় নয়?

প্রিয় উত্তর

কোন সন্তানের জন্য পিতার অগোচরে তার অর্থ গ্রহণ করা জায়েয নয়। তবে পিতা যদি সন্তানের আবশ্যিকীয় খরচ দিতে কসুর করেন তাহলে ভিন্ন কথা। সেক্ষেত্রে সন্তান সত্তাবে তার যতটুকু প্রয়োজন ততটুকু গ্রহণ করতে পারে। যেহেতু আশেয়া (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, “হিন্দ বিনতে উতবা (রাঃ) বলেন: ইয়া রাসূলুল্লাহ্! আবু সুফিয়ান একজন কৃপণ লোক। আমার ও আমার সন্তানের যতটুকু প্রয়োজন ততটুকু সে আমাকে দেয় না; তবে আমি তার অগোচরে যতটুকু গ্রহণ করি ততটুকু ছাড়া। তিনি বলেন: আপনি আপনার নিজের জন্য ও সন্তানের জন্য যতটুকু প্রয়োজন ততটুকু গ্রহণ করুন।”[সহিহ বুখারী (৫৩৬৪) ও সহিহ মুসলিম (১৭১৪)]

আর আবশ্যিকীয় খরচের অতিরিক্ত যা সেটা গ্রহণ করার মূল বিধান হারাম। কারণ কোন মুসলিমের সম্পদ তার সন্তুষ্ট চিত্ত ছাড়া গ্রহণ করা অবৈধ।

এ কারণে আপনি আপনার পিতার কাছ থেকে যা গ্রহণ করেছেন সেটা ফেরত দেয়া আবশ্যিকীয়। যদি আপনি পরিমাণ না জানেন তাহলে যতটুকু ফেরত দিলে প্রবল ধারণা অনুযায়ী আপনার দায় মুক্ত হবে ততটুকু ফিরিয়ে দিন। আপনি এ সম্পর্কে আপনার পিতাকে জানানো আবশ্যিকীয় নয়। বরঞ্চ আপনি যে কোন উপায়ে তার কাছে অর্থটা ফিরিয়ে দিলে সেটাই যথেষ্ট; এমনকি সেটা যদি কয়েক ধাপে হয় তবুও।

ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটিকে জিজ্ঞেস করা হয়েছিল:

“ছোট বেলা থেকে আমি যদি আমার পিতাকে কোন কিছু রাখতে দেখতাম; সেটা নগদ অর্থ হোক কিংবা অন্য কোন উপকারী জিনিস আমি সেটা নিয়ে নিতাম। আমার পিতা সেটা জানত না। যখন আমি বড় হলাম, আল্লাহকে ভয় করলাম এবং এই সব কাজ ছেড়ে দিলাম। এখন আমার জন্যে কি পিতার কাছে এই কর্মের স্বীকারোক্তি করা জায়েয হবে; নাকি নয়?

জবাবে তারা বলেন: আপনার উপর আবশ্যিক হলো আপনি আপনার পিতার কাছ থেকে যে নগদ অর্থ বা অন্য জিনিস গ্রহণ করেছেন সেটি ফেরত দেয়া। তবে সেটি যদি খরচের জন্য সামান্য কিছু হয় তাতে কোন অসুবিধা নেই।”[ফাতাওয়াল লাজনাদ দায়িমা

(১৫/৩৫২) থেকে সমাপ্ত]

আপনার পিতার উপর আপনার মোবাইলের বিল পরিশোধ করা আবশ্যিক নয়। তবে যদি মোবাইল পারিবারিক আবশ্যিক কোন কাজে ব্যবহার করা হয়ে থাকে সেটা ছাড়া। যদি এমন কিছু হয়ে থাকে এবং আপনার পিতা সেই বিল পরিশোধ করা থেকে বিরত থাকেন সেক্ষেত্রে আপনি আপনার দায়ে বর্তিত বিল এভাবে পরিশোধ করা জায়েয।

আল্লাহই সর্বজ্ঞ।